

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৬.১৮.০০১.১৯.৭০৭

তারিখঃ

৩১ ডিসেম্বর, ২০১৯

১৬ পৌষ, ১৪২৬

ইলেকট্রিশিয়ান ট্রেডে প্রশিক্ষণের বিজ্ঞপ্তি

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ-এর উদ্যোগে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে স্বল্প শিক্ষিত বেকার যুবকদের “ইলেকট্রিশিয়ান ট্রেড” কোর্সে ডেসকো কর্তৃক আগামী ২০ জানুয়ারী ২০২০ হতে ৩য় ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিজ স্বাক্ষরযুক্ত সাদা কাগজে আবেদনপত্র, জীবনবৃত্তান্ত (মোবাইল নাম্বারসহ), শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ মুখবন্ধ খামে উপরে “ইলেকট্রিশিয়ান ট্রেড কোর্স” লেখা ডাক/কুরিয়ারের মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক, এইচআরএম বিভাগ, প্রধান কার্যালয়, ডেসকো, ২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ঠিকানায় আগামী ০৯/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে বাছাইপূর্বক প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে এবং নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ শুরুর পূর্বে এসএমএস/মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করা হবে। প্রশিক্ষণ সমাপ্তে প্রশিক্ষণার্থীদের খ ও গ শ্রেণীর বৈদ্যুতিক কারিগরী লাইসেন্স পরীক্ষা গ্রহণ করা হবে। উল্লেখ্য, প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের কোন প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।

মুহঃ মামুনর রশিদ

উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম)

ABA

JSR